



গাজীপুর সিটি কর্পোরেশন

নগর ভবন, গাজীপুর।

www.gcc.gov.bd

স্মারক নং- ৪৬.১৯.০০০০.০১৬.০৫.০০৪.২২-১০৮

তারিখঃ ০৮-০৩-২০২৬ খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

গাজীপুর সিটি কর্পোরেশনের মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং সম্প্রসারিত টিকাদান কার্যক্রমকে শক্তিশালী করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে UNICEF এর অর্থায়নে গাজীপুর সিটি কর্পোরেশনে নিম্নোক্ত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে আগামী ৩১-১২-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত নিয়োগের লক্ষ্যে উপযুক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	সর্বসাকুল্যে মাসে বেতন(টাকা)
০১	ভ্যাক্সিনেটর/ টিকাদানকারী	৩৪ (টোত্রিশ) জন	১। প্রার্থীকে এস.এস.সি/ সমমান পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে। ২। টিকাদান কাজে অভিজ্ঞ ব্যক্তিদের অগ্রাধিকার দেয়া হবে। ৩। প্রার্থীর বয়স অনধিক ৩২ (বত্রিশ) বছর হতে হবে। তবে, ইপিআই কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। ৪। সরকার স্বীকৃত মেডিকেল ট্রেনিং ইনস্টিটিউট হতে কমপক্ষে ১৮ মাসের প্যারামেডিক কোর্স সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার প্রদান করা হবে	সর্বসাকুল্যে টাকা ১৬,৫০০/=
০২	প্রথম সারির তত্ত্বাবধায়ক/ ভ্যাক্সিনেটর সুপারভাইজার	৩ (তিন) জন	১। প্রার্থীকে স্নাতক/ সমমান পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে। ২। যে কোনো স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে সেই প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। ৩। প্রার্থীর বয়স অনধিক ৩২ (বত্রিশ) বছর হতে হবে। তবে, ইপিআই কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।	সর্বসাকুল্যে টাকা ১৬,৫০০/=
০৩	স্ট্যাটিস্টিশিয়ান/ এমআইএস আইটি পারসন	২ (দুই) জন	১। প্রার্থীকে সরকার অনুমোদিত যে কোনো ইনস্টিটিউট থেকে আইটি/কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি অর্জন/ সমমান আইটি/কম্পিউটার পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২। প্রার্থীর বয়স অনধিক ৩২ (বত্রিশ) বছর হতে হবে। তবে, এমআইএস/আইটি কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।	সর্বসাকুল্যে টাকা ১৮,০০০/=
০৪	পোর্টার	৬ (ছয়) জন	১। প্রার্থীকে ৮ম (অষ্টম) শ্রেণী/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২। প্রার্থীর বয়স অনধিক ৩২ (বত্রিশ) বছর হতে হবে। ৩। ভ্যাক্সিন ও অন্যান্য সরঞ্জাম পরিবহনের জন্য প্রার্থীর নিজস্ব যানবাহন বা বাই-সাইকেল থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই কর্ম এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।	সর্বসাকুল্যে টাকা ১৩,২০০/=

সাধারণ শর্তাবলী

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং জনগণের সাথে সু-সম্পর্ক স্থাপনে আগ্রহী হতে হবে।
- এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে এবং এর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত।
- আগ্রহী চাকরি প্রত্যাশীগণকে আবেদনের সাথে জীবন বৃত্তান্ত, দুই কপি সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি, নাগরিকত্ব সনদপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ এর সত্যায়িত ফটোকপি আগামী ০৯/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর এই ঠিকানায় প্রেরণ করতে হবে।
- আবেদনকারীকে অবশ্যই কর্ম এলাকা কাশিমপুর, কোনাবাড়ি, কাউলতিয়ায় অবস্থান করে কাজ করতে সম্মত হতে হবে।


মেডি আমিন আল পারভেজ
সচিব
গাজীপুর সিটি কর্পোরেশন